

ভুল শিক্ষানীতির জন্য এইচএসসিতে ফল বিপর্যয় : মওদুদ

■ ইত্তেফাক রিপোর্ট

বিরোধী দলের জন্য নয়, সরকারের ব্যর্থতার কারণে এইচএসসির ফলাফল বিপর্যয় ঘটেছে বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কর্মিটির সদস্য ব্যারিস্টার মওদুদ আহমদ। তিনি বলেছেন, অধিকাংশ ছাত্রছাত্রীর কাছে অপরিচিত সৃজনশীল পদ্ধতিতে পরীক্ষার নেয়ার ফলে এইচএসসির ফলাফল নিম্নমুখী হয়েছে। এর জন্য বিরোধী দল নয় বরং সরকারের ভুল শিক্ষানীতি দায়ী।

গতকাল রবিবার জাতীয় প্রেসক্লাবের ডিআইপি লাউঞ্জে 'বাংলাদেশ ইয়ুথ ফোরাম' আয়োজিত 'চলমান সংকট পৃষ্ঠা ১৯ কলাম ৪

ভুল শিক্ষানীতির

প্রথম পৃষ্ঠার পর

নিরসনে তত্ত্বাবধায়ক সরকারের প্রয়োজনীয়তা শীর্ষক আলোচনা সভায় তিনি এ কথা বলেন।

'বিএনপি-জামায়াতের কারণে এইচএসসি'র ফলাফলে বিপর্যয়'- প্রধানমন্ত্রীর এই বক্তব্যর সমালোচনা করে মওদুদ আহমদ বলেন, কিছু হলেই বিরোধী দলকে দায়ী করা প্রধানমন্ত্রীর স্বভাবে পরিণত হয়েছে। তিনি বলেন, বিচারের মুখোমুখি হওয়ার ভয়ে সরকার জোর করে ক্ষমতায় থাকার জন্য সংকট সৃষ্টি করেছে। দলীয় সরকারের অধীনে নির্বাচনের মাধ্যমে তারা ক্ষমতায় থাকতে চায়। তাদের সে স্বপ্ন কখনো পূরণ হবে না। ঈদের পর কঠোর থেকে কঠোরতর আন্দোলনের মাধ্যমে সরকারের পতন ঘটিয়ে তত্ত্বাবধায়ক ব্যবস্থা মেনে নিতে বাধ্য করা হবে।

সাইদুর রহমানের সভাপতিত্বে সভায় স্বাধীনতা ফোরামের আহ্বায়ক আবু নাসের রহমান তুল্লাহ, হায়দার আহমদ খান, এলজিপি'র যুগ্ম মহাসচিব শাহাদাত হোসেন সেলিম প্রমুখ বক্তব্য রাখেন।

'বিচার বিভাগ সব সময় অগণতান্ত্রিক শক্তির সহায়ক'

সভায় বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা এডভোকেট খন্দকার মাহবুব হোসেন বলেন, আমাদের জন্য দুঃখের বিষয় হলো এ দেশের বিচার বিভাগ সব সময় অগণতান্ত্রিক শক্তির সহায়ক হিসেবে কাজ করে। তিনি বলেন, পৃথিবীর কোথাও সংসদ সদস্য থাকা অবস্থায় সংসদ নির্বাচনের ইতিহাস খুঁজে পাওয়া যাবে না।